



অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 4/7/2022

গভর্নর ক্যাথি হোকল

## গভর্নর হোকল 2023 অর্থবছরের নিউ ইয়র্ক স্টেটের বাজেট চুক্তির ঘোষণা করলেন

গভর্নর ক্যাথি হোকল আজকে ঘোষণা করলেন যে নিউ ইয়র্ক স্টেটের 2023 অর্থবছরের বাজেটের (New York State Budget) মুখ্য অগ্রাধিকারসমূহে কাজ করার চুক্তি সম্পাদন। এই সাহসী এবং আর্থিকভাবে দায়িত্বশীল পরিকল্পনাটি পুরো স্টেটের সম্প্রদায়সমূহে ঐতিহাসিক বিনিয়োগ করবে যা মহামারী থেকে পুনরুদ্ধারের নিউ ইয়র্কবাসীদের জন্য ত্রাণ নিয়ে আসবে এবং নিউ ইয়র্কের অর্থনৈতিক প্রত্যাবর্তনকে শুরু করবে।

এই পরিকল্পনায় অর্থবছর 2025 এর মধ্যে স্টেটের কার্যক্রম তহবিলের (State Operating Funds) খরচের রেকর্ড 15 শতাংশ স্টেটের রিজার্ভ চলে যাবে, যেমনটি গভর্নর তার নির্বাহী বাজেটে (Executive Budget) প্রস্তাব করেছেন।

"কোভিড-19 মহামারী থেকে প্রত্যাবর্তনের সময় আমরা নিউ ইয়র্কে একটি নতুন যুগের সূচনা করার প্রজন্মে একবার পাওয়া যায় এমন সুযোগটিকে বরণ করে নিয়েছি, একটি সাহসী বাজেট দিয়ে যা নিউ ইয়র্কবাসীর জন্য অতি প্রয়োজনীয় অর্থনৈতিক ত্রাণ নিয়ে আসে এবং ভবিষ্যতের কথা মাথায় রেখে শিক্ষা, স্বাস্থ্যসেবা ও অবকাঠামোতে ঐতিহাসিক বিনিয়োগ করে," **গভর্নর হোকল বলেন।** "চুক্তিটি আমাদেরকে বাজেট প্রণয়নের আরো কাছে নিয়ে গেলো এবং এটি আরো শক্তিশালী, নিরাপদ, এবং অন্তর্ভুক্ত ও সমৃদ্ধশালী নিউ ইয়র্ক স্টেট গঠন করার আমাদের প্রতিশ্রুতি পূরণের দিকে ধাবিত করে। আমি এই সহযোগিতামূলক প্রক্রিয়ার জন্য সংখ্যাগরিষ্ঠ নেতা স্টুয়ার্ট-কাজিন্স এবং স্পিকার হিস্টিকে ধন্যবাদ জানাচ্ছি। আমি সকল নিউ ইয়র্কবাসীর জন্য লাভজনক বাজেটটি প্রণয়নে আমার স্টেট সরকারের সহকর্মীদের সাথে কাজ অব্যাহত রাখতে উন্মুখ।"

ঐতিহাসিক বাজেটটিতে নিউ ইয়র্কবাসীদের জন্য লাভজনক মুখ্য অগ্রাধিকার থাকবে, যেমন:

- মধ্যবিত্ত নিউ ইয়র্কবাসী এবং ক্ষুদ্র ব্যবসার জন্য কর ত্রাণ;
- ইউক্রেনে যুদ্ধের কারণে সাম্প্রতিক মাসগুলিতে বৃদ্ধি পাওয়া গ্যাসোলিনের উচ্চ মূল্যের সামাল দিতে জ্বালানি কর স্থগিত রাখা;
- কোভিড-19 মহামারী দ্বারা সবথেকে বেশি ক্ষতিগ্রস্ত ক্ষুদ্র ব্যবসাসমূহকে সমর্থন করতে সাহায্য, যেমন রেস্টুরেন্টগুলিকে অ্যালকোহলজাতীয় পানীয় নিয়ে যাওয়ার জন্য বিক্রি করার অনুমোদন প্রদান;
- স্বাস্থ্যসেবার কর্মীবাহিনী পুনর্গঠনে, বাড়িতে যত্ন নেওয়ার কর্মীদের সমর্থনে, এবং ভবিষ্যতের স্বাস্থ্যসেবার ব্যবস্থা গঠনে বিলিয়ন বিলীন ডলার;

- আমাদের উচ্চ শিক্ষার প্রতিষ্ঠানসমূহকে জোরদার করতে এবং আমাদের শিক্ষক এবং স্কুলের কর্মচারীদের সমর্থন করতে শিক্ষাখাতে একটি ঐতিহাসিক বিনিয়োগ;
- চাইল্ড কেয়ারের জন্য তহবিল এবং এর উপলভ্যতা বৃদ্ধি;
- মহামারী পুনরুদ্ধার তহবিলে একটি ঐতিহাসিক বিনিয়োগ;
- নিউ ইয়র্কে বাস করা আরো সশ্রয়ী করতে সার্বিক আবাসন পরিকল্পনা;
- পাঁচবছরের পরিবহন অবকাঠামো পরিকল্পনায় একটি রেকর্ড পরিমাণ বিনিয়োগ;
- পরিচ্ছন্ন শক্তি অবকাঠামো, জলবায়ু স্থিতিস্থাপকতা এবং সংরক্ষণে একটি রেকর্ড বিনিয়োগ;
- নীতির তত্ত্বাবধান উন্নত করা এবং নীতি এবং সরকারে তদবিরের জন্য একটি নতুন কমিশন দ্বারা জননীতির যৌথ কমিশনকে (Joint Commission on Public Ethics, JCOPE) প্রতিস্থাপিত করার মাধ্যমে স্টেট সরকারের প্রতি আস্থা ফেরত আনা; এবং
- অবৈধ বন্দুক পাচার বন্ধ করা, বার বার অপরাধ করা অপরাধীর চক্র ভঙ্গ করা, পারিবারিক সহিংসতা এবং ঘৃণা অপরাধের শিকার ব্যক্তিদের রক্ষা করা, এবং মানসিক স্বাস্থ্য অবকাঠামোতে বিনিয়োগ করার মাধ্যমে আরো নিরাপদ, আরো ন্যায্য নিউ ইয়র্কের দিকে এগিয়ে যাওয়া।

একটি ধারণামূলক চুক্তি সম্পাদন হওয়ার ফলে, আইনসভার হাউজগুলির কাছে এই প্রত্যাশা করা যায় যে তারা এইসব অগ্রাধিকার প্রণয়নের বিল পাশ করবে।

জানুয়ারিতে গভর্নর তার নির্বাহী বাজেটের প্রস্তাবনা পেশ করার পর থেকে অতিরিক্ত রাজস্বের পূর্বাভাস পাওয়া গেছে এবং বাড়তি তহবিল উপলব্ধি করা গেছে। নির্বাহী প্রস্তাবনায় আলোচনা করা পরিবর্তনসমূহের একটি প্রাথমিক মূল্যায়ন অর্থবছর 2023-র মোট বাজেট বর্তমানে আনুমানিক 220 বিলিয়ন মার্কিন ডলার বলে ধারণা করা হচ্ছে। ব্যয়ের পরিকল্পনায় থাকবে মহামারী সহায়তায় 2 বিলিয়ন মার্কিন ডলার, যা ব্যবহারের জন্য উপলভ্য আছে এমন ইঙ্গিত জানুয়ারিতে প্রকাশিত নির্বাহী বাজেটে প্রদান করে হয়েছিলো কিন্তু যা ব্যয়ের হিসাব তালিকায় অন্তর্ভুক্ত করা হয়নি।

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে [www.governor.ny.gov](http://www.governor.ny.gov) -এ  
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | [press.office@exec.ny.gov](mailto:press.office@exec.ny.gov) | 518.474.8418